গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-০৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২০.০৯৬.২৪.৩১৮

তারিখ: ২২ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ আগস্ট, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে দেশের বেসরকারি গ্রন্থাগারসমূহের অনুকূলে অনুদান প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতিবছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে অনুদান প্রদানের জন্য বেসরকারি গ্রন্থাগারসমূহ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বেসরকারি গ্রন্থাগারসমূহকে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আবেদন ফরম সংগ্রহ সহজতর করার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইটে অনুমোদিত আবেদন ফরম আপলোড এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। 'দৈনিক ইত্তেফাক' এবং 'ঢাকা ট্রিবিউন' পত্রিকায় আগামী ০৯/০৮/২০২৪ তারিখ শুক্রবার বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

০২। উল্লেখ্য, আবেদন করার নির্ধারিত সময়সীমা আগামী ০৯/১০/২০২৪ তারিখ পর্যন্ত।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬/০৮/২০২৪
শিল্পী রানী রায়
উপসচিব
ফোন: +৮৮০২৫৫১০০৮২৯

**বিতরণ :**

১. ~~[illegible]~~ পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয়অবগতির জন্য)।
৩. যুগ্মসচিব (লাইব্রেরি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

F:\National Book Centre\nbc letter.docx7

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

শাখা-০৪

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moca.gov.bd

**বেসরকারি গ্রন্থাগারে অনুদানের জন্য দরখাস্ত আহবান**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাধারণ কার্যক্রমের আওতায় বই-পুস্তক মঞ্জুরি খাতে বরাদ্দকৃত অর্থ থেকে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বেসরকারি গ্রন্থাগারসমূহে অনুদান প্রদানের নিমিত্ত দেশের সকল পর্যায়ের তালিকাভুক্ত বেসরকারি গ্রন্থাগারের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।।

**নিয়মাবলি**

(ক) আগ্রহী গ্রন্থাগারসমূহকে অনুদানের জন্য নির্ধারিত ফরমে যথানিয়মে আবেদন করতে হবে এবং ফরমে চাহিত তথ্যসমূহ সঠিকভাবে প্রদান করতে হবে এবং উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) আবেদন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.nbc.org.bd থেকে ডাউনলোড করে নিতে হবে।

(গ) নির্ধারিত ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কিংবা জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে আবেদনের হার্ডকপি সরবরাহ করা হবে না। আবেদনপত্র সরাসরি/ অনলাইনে দাখিল করা যাবে।

(ঘ) আবেদনকারী গ্রন্থাগারকে জাতীয় গ্রন্থকেন্দ্র *অথবা* গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্ত হতে হবে এবং যে গ্রন্থাগারের জন্য আবেদন করা হবে তার তালিকাভুক্তি সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে।

(ঙ) পূরণকৃত আবেদন ফরম যথাযথভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

(চ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার গ্রন্থাগারসমূহের অস্তিত্ব ও কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে আবেদন ফরম প্রত্যয়ন করবেন।

(ছ) আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর ও গ্রন্থাগারের সভাপতি/সাধারণ সম্পাদকের (প্রযোজ্য ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(জ) নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমে আবেদন করা হলে অথবা আবেদন ফরম আংশিকভাবে পূরণ করা হলে অথবা মিথ্যা তথ্য প্রদান করা হলে এবং আবেদন স্থানীয় প্রশাসন কর্তৃক সঠিকভাবে প্রত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঝ) আবেদনপত্র আগামী ০৯ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে **সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন-৬ (লেভেল ১০), ঢাকা-১০০০** বরাবর পাঠাতে হবে।

(ঞ) কোনো সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তব, মন্দির, এতিমখানা ও এনজিও কর্তৃক পরিচালিত গ্রন্থাগার আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

(ট) গ্রন্থাগারের ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাব নম্বরে অনুদানের অর্থ EFT-এর মাধ্যমে প্রেরণ করা হবে বিধায় আবেদনপত্রের নির্ধারিত স্থানে ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাবের নাম (ইংরেজিতে), হিসাব নম্বর ও রাউটিং নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। গ্রন্থাগারের সভাপতি এবং সেক্রেটারির এনআইডি, ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাবের নাম (ইংরেজিতে), হিসাব নম্বর ও রাউটিং নম্বর না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, গ্রন্থাগারটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার ব্যাংক ব্যতীত অন্য কোন এলাকার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না।

(ঠ) পূর্ববর্তী বছরে প্রাপ্ত অনুরুপ সরকারি অনুদানের অর্থের ব্যয়বিবরণী এবং কমপক্ষে বিগত ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে

(ঢ) অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

০১/০৯/২০২৪

শিল্পী রানী রায়

উপসচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

F:\Library ২০২৪-২৫\লাইব্রেরি বিজ্ঞপ্তি ২০২৪-২০২৫.docx

বিক্রয়ের জন্য নয়

<u>গ্রন্থাগারে অনুদানের আবেদন ফরম</u>

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বেসরকারি গ্রন্থাগারে অনুদান প্রদানের জন্য আবেদন।**

| ক্র.নং | বিবরণ | প্রদত্ত তথ্যাদি |
|---|---|---|
| ১. | (ক) গ্রন্থাগারের নাম ও পূর্ণ ঠিকানা (পোস্ট কোড নং সহ)<br><br>(খ) প্রতিষ্ঠার সাল ও তারিখ | ক)<br><br>খ) |
| ২. | তালিকাভূক্তির দপ্তর/অফিসের বিবরণ: | ক) প্রতিষ্ঠানের নাম:<br>খ) তালিকাভুক্তি নং ও তারিখ:<br>(সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে) |
| ৩. | গ্রন্থাগারের কার্যক্রম কোথায় পরিচালিত হয়? | ক) গ্রন্থাগারের নিজস্ব স্থাপনায় ☐ খ) ভাড়া বাসায় ☐<br>গ) অন্যান্য (বসত ঘরে, ইত্যাদি) ☐ |
| ৪. | গ্রন্থাগারের পরিচালনা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক/পরিচালকের নাম, ঠিকানা, এনআইডি নম্বর, ই-মেইল ও রেজিস্টার্ড মোবাইল নম্বর;<br><br>(জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)। | ক) সভাপতি:<br><br>খ) সাধারণ সম্পাদক/পরিচালক: |
| ৫. | গ্রন্থাগারের ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য | ক) হিসাবের শিরোনাম (ইংরেজিতে) :<br>খ) হিসাব নং (অনলাইনে অনুদানের অর্থ প্রেরণ উপযোগী):<br>গ) ব্যাংকের নাম :<br>ঘ) শাখার নাম :<br>ঙ) ব্যাংকের রাউটিং নম্বর:<br>চ) উপজেলার নাম :<br>ছ) জেলার নাম :<br>জ) ব্যাংক হিসাবের বিপরীতে প্রদত্ত মোবাইলফোন নং: |
| ৬. | সরকারি / বেসরকারি / বিদেশি সংস্থা থেকে গত বছর কোন আর্থিক অনুদান পেয়ে থাকলে দাতাসংস্থার নামসহ অর্থের পরিমাণ | |
| ৭. | গত অর্থবছর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুদান পেয়ে থাকলে তার পরিমাণ কত? | |
| ৮. | গত ১ বছরে গ্রন্থাগারের কার্যক্রম (পৃথক কাগজে ছবিসহ সংযুক্ত করতে হবে)- | ক) বই পাঠ প্রতিযোগিতার বিবরণ:<br><br>খ) বই পাঠ সম্পর্কিত অন্যান্য কার্যক্রম: |
| ০৯. | বর্তমানে গ্রন্থাগারে মোট বইয়ের সংখ্যা | |
| ১০. | গত বছর সংগৃহীত বইয়ের সংখ্যা ও তার মূল্য | |
| ১১. | পাঠকের জন্য গ্রন্থাগারে দৈনিক পত্রিকা ও সাময়িকী রাখা হলে তার সংখ্যা / নাম | |
| ১২. | গ্রন্থাগারে প্রতিদিন উপস্থিত গড় পাঠকের সংখ্যা | |

অপর পাতায় দ্রষ্টব্য

| | | |
|---|---|---|
| ১৩. | গ্রন্থাগারের ব্যয়ের খাতসমূহ<br>ক) গ্রন্থাগারিক / অন্যান্য কর্মীদের বেতন / ভাতাদি / সম্মানী (যদি থাকে)<br>খ) আসবাবপত্র ক্রয়<br>গ) জ্বালানী / বিদ্যুৎ খরচ<br>ঘ) পত্রিকা ক্রয়<br>ঙ) বই ক্রয়<br>চ) অন্যান্য | ক)<br>খ)<br>গ)<br>ঘ)<br>ঙ)<br>চ) |
| ১৪. | গ্রন্থাগারের সীলমোহর<br>আবেদনের তারিখ: ..........................<br><br>আবেদনকারীর নাম ও পদবী:<br>আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম তারিখ:<br>আবেদনকারীর মোবাইল নম্বর:<br><br>(আবেদনে স্বাক্ষরকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)। | এই মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত তথ্যাদি সম্পূর্ণ সত্য, এ সম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপিত হলে আমি দায়বদ্ধ থাকব।<br><br>স্বাক্ষর<br><br>সীল (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১৫. | জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন | এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপর্যুক্ত গ্রন্থাগারটির অস্তিত্ব বর্তমান এবং কার্যক্রম সন্তোষজনক ও জনস্বার্থের সহায়ক।<br><br>স্বাক্ষর ও সীল<br><br>মোবাইল: |
| ১৬. | বই পাঠ কার্যক্রম সম্প্রসারণে গ্রন্থাগারের ভবিষ্যত পরিকল্পনা :<br>(প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) | ক) জাতীয় ব্যক্তিত্ব এবং দেশের উল্লেখযোগ্য লেখক/কবি/সাংস্কৃতিক ব্যক্তিত্বের জীবন ও কর্ম বিষয়ে গৃহীত পরিকল্পনা/কার্যক্রমের বিবরণ।<br>খ) ভবিষ্যত প্রজন্মকে সম্পৃক্ত করে বছরে ন্যূনতম দু'টি অনুষ্ঠানের প্রস্তাব করতে হবে। |

**আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:**

(ক) অনুদান প্রাপ্তির উদ্দেশ্যে **০৯-১০-২০২৪ তারিখের মধ্যে** এই "আবেদন ফরম" যথাযথভাবে পূরণ করে **সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ভবন-৬, ১০ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০** এই ঠিকানায় প্রেরণ করতে হবে;

(খ) প্রয়োজনে পূরণকৃত এই ফরমের সঙ্গে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে;

(গ) কোনো সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তব, মন্দির ও এতিমখানা এবং এনজিও কর্তৃক পরিচালিত গ্রন্থাগার আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না;

(ঘ) জেলা, উপজেলাসহ তৃণমূল পর্যায়ে স্থাপিত বেসরকারি গ্রন্থাগার জাতীয় গ্রন্থকেন্দ্র অথবা গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্ত হলেই আবেদন করতে পারবে;

(ঙ) বেসরকারি গ্রন্থাগারের কার্যক্রম পরিচালনার জন্য একটি কার্যনির্বাহী কমিটি ও গঠনতন্ত্র থাকতে হবে যার সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

(চ) বেসরকারি গ্রন্থাগারের একটি নির্দিষ্ট পাঠকক্ষ, পর্যাপ্ত সংখ্যক টেবিল ও চেয়ার এবং কমপক্ষে ৫০০টি বই থাকতে হবে এবং পাঠকক্ষে প্রতিদিন পাঠকসেবা প্রদান ও গড়ে কমপক্ষে ১০ জন পাঠকের উপস্থিতি থাকতে হবে এবং যার প্রমাণক সংযুক্ত করতে হবে;

(ছ) বরাদ্দ প্রাপ্ত অর্থের ৫০% গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বরের অনুকূলে ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হয় বিধায় ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য সঠিকভাবে উল্লেখ করতে হবে এবং গ্রন্থাগারটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার ব্যাংক ব্যতীত অন্য উপজেলার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না;

(জ) গত অর্থবছরে প্রাপ্ত সরকারি অনুদানের অর্থের ব্যয়-বিবরণী সংযুক্ত করতে হবে (প্রযোজ্যক্ষেত্রে);

(ঝ) গ্রন্থাগারের নামে বিগত এক বছরের ব্যাংক স্টেটমেন্ট আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

(ঞ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে;

(ট) গ্রন্থাগারের সভাপতি এবং সাধারণ সম্পাদক এর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

(ঠ) আবেদন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.nbc.org.bd এ পাওয়া যাবে;

(ড) নির্ধারিত তারিখের পর প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঢ) কর্তৃপক্ষ যে কোনো শর্ত পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করার এখতিয়ার রাখেন।